

গল্পের শহর

- শেখর দেব

জানিস তো, এই শহর গল্পের শহর ?
সবাই নিজের মতো করে গল্প তৈরী করে,
মাঝখানের জায়গাটা ফাঁকা রেখে,
রং দিয়ে গল্প তৈরী করে ।
বিভিন্ন রং-এ আবৃত্ত থাকে এই গল্প,
যা দেখতে ও শুনতে খুবই ভালো লাগে ।
মনের মানুষ গুলো যখন পাশে বসে গল্প তৈরী করে
তখন এই গল্পের মজাই আলাদা ।
মনে হয় যেন, গল্পতেই ডুবে যায়,
কিন্তু, ভাবতে অবাক লাগে-
এই শহরটা গল্পের শহর ।
দিনের আলোয় যেমন অনেক তারার বসবাস ।
তেমনি, গল্পের শহরে অনেক গল্পেরই পর্দাফাস ॥

